

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৮
আগরতলা, ২২ নভেম্বর, ২০২৩

রেডক্রস সোসাইটির ত্রিপুরা শাখা অফিস পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল তথা ভারতীয় রেডক্রস সোসাইটি ত্রিপুরা শাখার সভাপতি ইন্দ্রসেনা বেডিড নাহ্লু আজ সকালে রেডক্রস সোসাইটির ত্রিপুরা শাখা অফিস পরিদর্শন করেন। রাজ্যপালকে স্বাগত জানান রেডক্রস সোসাইটি ত্রিপুরা শাখার চেয়ারম্যান ডা. অভিজিৎ সরকার ও ভাইস চেয়ারম্যান মঞ্জু দে দেব। রেডক্রস ভবনে উপস্থিত রেডক্রস সোসাইটির স্বেচ্ছাসেবকদের উদ্দেশ্যে রাজ্যপাল বলেন, যুদ্ধ ও শান্তির সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের পাশাপাশি রেডক্রস সোসাইটির স্বেচ্ছাসেবকদের বর্তমানে আরও অনেক কাজ রয়েছে। স্বেচ্ছাসেবকগণ প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে ত্রাণ ও উদ্ধারের কাজেও সহায়তা করেন। মহামারির সময়ে রোগীদের সাহায্য করছেন। রেডক্রস সোসাইটির উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের মাধ্যমে অনেকের প্রাণ বাঁচাতে সাহায্য করে। রাজ্যপাল ত্রিপুরা শাখার চেয়ারম্যান ও উপস্থিত অন্যান্যদের প্রতি আহ্বান জানান, তারা যেন বিভিন্ন গ্রাম, স্কুল, কলেজ থেকে আরও বেশী সংখ্যায় প্রশিক্ষণের মাধ্যমে রেডক্রস সোসাইটির স্বেচ্ছাসেবক তৈরী করেন। যাতে স্বেচ্ছাসেবকগণ প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে আরও বড় ভূমিকা গ্রহণ করতে পারে। সামাজিক সচেতনতা বৃদ্ধির কাজেও ভূমিকা নিতে রাজ্যপাল স্বেচ্ছাসেবকদের প্রতি আহ্বান জানান। পরিদর্শনের সময় রাজ্যপাল রাজ্যের বিভিন্ন জেলা থেকে আসা স্বেচ্ছাসেবকদের সঙ্গেও মত বিনিময়ও করেন।
